গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩১২.১৪.০০৩.১৯. ৭৪৬

তারিখঃ ০৫/০৯/১৪২৬ বাং।
১৯/০১/২০২০ খ্রিঃ।

## অফিস আদেশ

**বিষয় : প্রকল্পের ডিপিপি/আরডিপিপি প্রস্তুত বিষয়ক নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিপিপি/আরডিপিপি প্রস্তুতকালে সংযুক্ত নির্দেশনা অনুসারে প্রণয়ন পূর্বক পরিকল্পনা ইউনিটে দাখিল করতে হবে। সকল ডিপিপি/আরডিপিপি- তে প্রদেয় তথ্যের ক্ষেত্রে অভিন্নতা আনার জন্য পরিকল্পনা কমিশনের পরামর্শের প্রেক্ষিতে এ নির্দেশনা জারী করা হ'ল।

সংযুক্তিঃ ডিপিপি/আরডিপিপি প্রণয়ন বিষয়ক নির্দেশনা।

(সুশংকর চন্দ্র আচার্য্য)
প্রধান প্রকৌশলী(চঃদাঃ)
ফোনঃ ০২- ৯১২৪০২৭
ই- মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি:
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর ঢাকা।
৪। জনাব.............................................................।

G:Shipra:Words:Office Order:p-171

ডিপিপি/আরডিপিপি প্রণয়ন বিষয়ক নির্দেশনাঃ

১। প্রকল্প প্রস্তাবনার প্রেক্ষিত যথাযথভাবে উল্লেখ করতে হবে।

২। দ্বৈততা পরিহারের ক্ষেত্রে প্রকল্পে প্রস্তাবিত স্কীমের সাথে প্রকল্প এলাকায় চলমান অন্যান্য প্রকল্পের স্কীমসমূহের তুলনামূলক চিত্র বিদ্যমান Duplicate road checker Software এর মাধ্যমে check করতে হবে।

৩। A1 সাইজের ম্যাপে প্রস্তাবিত সড়কসমূহ এবং প্রকল্প এলাকায় চলমান সকল প্রকল্পের সড়কসমূহ পৃথক রং-এ চিহ্নিত করতে হবে।

৪। প্রস্তাবিত প্রকল্প ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এর লক্ষ্যসমূহ অর্জনে কিভাবে সহায়ক হবে তা যৌক্তিক ভাবে উপস্থাপন করতে হবে।

৫। প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রম বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এর বিশেষ অঙ্গীকার 'আমার গ্রাম-আমার শহর'-এর কর্মপরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৬। প্রস্তাবিত প্রকল্পের স্কীমের তালিকায় যে সকল সড়ক অবকাঠামো যেমনঃ ব্রীজ/কালভার্ট বা অন্যান্য স্থাপনা নির্মাণের জন্য জমির প্রাপ্যতা আছে কি'না অথবা অতিরিক্ত জমি প্রয়োজন হলে (এপ্রোচ রোড বা সংযোগ সড়ক) তা কি ভাবে অধিগ্রহণ করা হবে সে ব্যাপারে বিস্তারিত সমীক্ষা (Land Acquisition Plan ও ডিসি অফিসের প্রত্যয়নসহ) ডিপিপির সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, CS মৌজা ম্যাপ অনুযায়ী নদীর প্রশস্থতা নির্ধারণ করতে হবে। তাছাড়া, ব্রীজ নির্মাণের ক্ষেত্রে জাতীয় নদী রক্ষা কমিশনের মতামত/নির্দেশনা অনুসরণ করতে হবে।

৭। পরিকল্পনা কমিশনের পরিপত্র (অক্টোবর-২০১৬ তে প্রকাশিত এবং সর্বশেষ জারীকৃত পরিপত্র) অনুসারে ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট ডিপিপির সাথে দাখিল করতে হবে।

৮। প্রস্তাবিত প্রকল্পের স্কীমের তালিকায় যে সকল সড়ক অন্তর্ভূক্ত করা হয়েছে তা গেজেটভুক্ত কি'না উল্লেখ করতে হবে তাছাড়া প্রাস্তাবিত সড়ক/ব্রিজ/কালভার্টসমূহ হালনাগাদ RSDMS (Road & Structure Database Management System) এর সাথে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৯। যদি রোড আইডি না থাকে সেক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সড়কটি এলজিইডির ইনভেন্টরি/গ্যাজেটভূক্ত করার ব্যবস্থা নিতে হবে। ঐ রাস্তাটি প্রস্তাবিত প্রকল্পের স্কীমের তালিকায় অন্তর্ভূক্ত করার যথাযথ যৌক্তিকতা, প্রয়োজনীয়তা, নেটওয়ার্কিং, লিংকেজ ইত্যাদি উল্লেখপূর্বক ডিপিপিতে অন্তর্ভূক্ত করতে হবে।

১০। প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি তে এলজিইডি'র হালনাগাদ রেট শিডিউল এবং প্রকল্পের মেয়াদকাল বিবেচনায় ব্যয় প্রক্ষেপনপূর্বক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করতে হবে।

১১। গ্রাম সড়ক এ ও বি-এর ক্ষেত্রে ইউনি ব্লক-এর ব্যবহারকে প্রাধান্য দিতে হবে। অন্যান্য সড়কের ক্ষেত্রে হালনাগাদকৃত ডিজাইন ম্যানুয়াল অনুসরণক্রমে সড়ক ডিজাইন করতে হবে। এক্ষেত্রে Traffic volume, Loading intensity, Geographical location, Catchment এলাকা ইত্যাদি বিবেচনায় নিয়ে সড়কের প্রশস্থতা, ডিজাইন নির্ধারণ করতে হবে।

১২। প্রস্তাবিত প্রকল্পে স্কীমের তালিকায় যদি এমন কোন সড়কের উল্লেখ থাকে, যেখানে ঐ সড়কটি কোন জাংশনে এসে মিলিত হবে, তবে ঐ জাংশনটিকে এলজিইডি'র সড়ক নিরাপত্তা ম্যানুয়াল অনুযায়ী ডিজাইন করতে হবে।

১৩। স্কীম নির্বাচনের ক্ষেত্রে কোর রোড নেটওয়ার্ক ও অসমাপ্ত সড়ককে অগ্রাধিকার দিতে হবে।

১৪। প্রস্তাবিত স্কীমসমূহের মোট দৈর্ঘ্য, ইতিমধ্যে বাস্তবায়িত দৈর্ঘ্য, অন্য প্রকল্পে প্রস্তাবিত দৈর্ঘ্য(প্রকল্পের নামসহ), বর্তমানে প্রস্তাবিত দৈর্ঘ্য চেইনেজসহ ছক আকারে উল্লেখ করতে হবে।

১৫। রোলার ক্রয়ের প্রস্তাবনার ক্ষেত্রে যান্ত্রিক শাখার সহিত আলোচনা পূর্বক প্রস্তাবিত এলাকার বিদ্যমান যন্ত্রপাতির বর্তমান অবস্থাসহ চাহিদা নিরুপন করতে হবে।

১৬। ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ ইউনিটের মতামতসহ প্রস্তাবনা করতে হবে।

১৭। সড়ক পুর্নবাসন/মেরামতের ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ইউনিটের সহিত আলোচনা পূর্বক স্কীম নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে যে সকল সড়কের অসমাপ্ত দৈর্ঘ্য সমাপ্তকরণের প্রস্তাবনা রয়েছে, সে সকল সড়কের মেরামতকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৮। পরিবেশ, Occupational Health & Safety (OHS), সড়ক নিরাপত্তা ও জেন্ডার ইত্যাদি বিষয়সমূহ প্রকল্প প্রস্তাবে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

Rabinath ২৩/১/২০

১৯। প্রকল্পের মেয়াদকাল নির্ধারণে ক্ষেত্রে প্রকল্প এলাকা, অবকাঠামো নির্মাণের সময় ইত্যাদি বিষয় বিবেচনা করতে হবে।

২০। প্রণয়নকৃত ডিপিপি'র উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুতপূর্বক Softcopy পরিকল্পনা ইউনিটে প্রেরণ করতে হবে।

২১। ডিপিপিটি পরীক্ষার জন্য কমপক্ষে দুই সপ্তাহ সময় হাতে রেখে পরিকল্পনা ইউনিটে প্রেরণ করতে হবে।

**<u>সংশোধিত ডিপিপি এর ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করতে হবেঃ</u>**

১। সংশোধনের মূল কারণসমূহ আরডিপিপিতে উল্লেখ করতে হবে।

২। অঙ্গভিত্তিক ব্যয় বৃদ্ধির পরিমাণ ও যৌক্তিক কারণসমূহ উল্লেখ করতে হবে।

৩। প্রকল্পের elapsed time এ কত ব্যয় হয়েছে এবং কত বাকি আছে তা পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে।

৪। অবশিষ্ট সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত না হলে সময় বৃদ্ধির কারণ উল্লেখ করতে হবে।

৫। সাধারণভাবে, সংশোধন ব্যতিরেকে চলমান প্রকল্প সমাপ্ত করে নতুন প্রকল্প গ্রহণকে উৎসাহিত করা উচিৎ।